2 8 SEP 1992

আজকের কাগজ

তারিখ ... 2 8 SEP 1992 ..
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

23

চাটমোহর, ভাঙ্গুড়া, ফরিদপুর

# অষ্টম শ্রেণী পর্যন্ত বেতন নেয়া হচ্ছে

সরকার ঘোষিত অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের বিনাবেতনে পড়ানোর কথা থাকলেও চাটমোহর, ভাঙ্গুড়া ও ফরিদপুর থানার কোনো বালিকা বিদ্যালয়ে তা মানা হচ্ছে না। চাটমোহর, ভাঙ্গুড়া ও ফরিদপুরে বালিকা বিদ্যালয় রয়েছে ৬টি এবং অন্যগুলোতে বালক বালিকা একত্রে।

১৯৯০সালের জানুয়ারী থেকে সরকার ছাত্রীদের কাছ থেকে বেতন নেয়া বন্ধ করে দেয় কিন্তু কোনো বিদ্যালয় ভর্তুকি ভাতা না পাওয়ায় আবার বেতন নেয়া শুরু করেছে। ফলে হাজার হাজার ছাত্রী প্রাথমিক শিক্ষা শেষ করে উচ্চ বিদ্যালয় যেতে পারেনি।

এ ব্যাপারে চাটমোহর পাইলট বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রাহেলা খানম এ প্রতিবেদককে জানান, ১৯৯০ সালে বিদ্যালয়ের বেতন নেয়া বন্ধ করলে, শিক্ষকদের বেতন ও অন্যান্য বিষয়ে বাৎসরিক চাহিদা ছিলো ১ লাখ ৩২ হাজার টাকা। কিন্তু সরকার প্রদান করে মাত্র ৩২ হাজার ৯শ' টাকা। ফলে বিদ্যালয়ের বাৎসরিক উন্নয়ন ব্যাহত হয় চরমভাবে। তিনি আরো জানান যে, আমরা বাধ্য হয়ে ম্যানেজিং কমিটির সিদ্ধান্তানুযায়ী ১৯৯১ সালের জানুয়ারি থেকে ছাত্রীদের কাছ থেকে সাবসিডি ফি নাম দিয়ে বেতন আদায় করছি। ফলে ছাত্রী সংখ্যা অনেক কমে গেছে। অপরদিকে চাটমোহরের প্রায় ১৬টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ভর্তুকি ভাতা না পাওয়ায় চরম আর্থিক সংকটে পড়েছে।

এ ছাড়া অভিযোগ আছে যে, বিভিন্ন বিদ্যালয় বছরের প্রথমে এককালীন টাকা নিয়ে ছাত্রী ভর্তি করছে। ফলে, গরীব মেধাবী ছাত্রীদের অভিভাবকগণ তাদের মেয়েদের বিদ্যালয়ে দিতে পারছে না।

চাটমোহর থেকে সংবাদদাতা